'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2022

## DSE1/2-P2-BENGALI (A2/B2)

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-A2

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তের তিনটি কাব্যগ্রন্থের নাম ও প্রকাশকাল উল্লেখ করো।

(খ) 'বন্যা' গল্পটির পটভূমি কোন্ অঞ্চলের ? গল্পটি কার লেখা ? কোন নদীতে বন্যা হয়েছিল ?

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসে সুবর্ণলতার বাবার নাম কী ? তিনি কেমন প্রকৃতির মানুষ ছিলেন ?

(ঘ) 'মরীচিকা' কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন ? উৎসর্গপত্রে কী লেখা আছে ?

(ঙ) সতীনাথ ভাদুড়ীর যে-কোনো তিনটি গল্পের নাম উল্লেখ করে তিনটি চরিত্রের নাম লেখো।

(চ) আশাপূর্ণা দেবীর 'সুবর্ণলতা' কোন্ গোত্রের উপন্যাস ? এই উপন্যাসের তিনটি চরিত্রের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে 'দুঃখবাদী' কবি বলা যায় কিনা তোমার পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।

(খ) সুবর্ণলতার ব্যক্তিত্বের উপর তার মা সত্যবতীর প্রভাব কতটা পড়েছে তা নিজের ভাষায় লেখো।

(গ) 'গণনায়ক' ছোটগল্পের রাজনৈতিক প্রেক্ষাপট সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) 'হাট' কবিতাটি কার রচনা ? কবিতাটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'চকাচকী' গল্পে সতীনাথ ভাদুড়ী ব্যতিক্রমী প্রেমের যে দৃষ্টান্ত উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।

(চ) 'সুবর্ণলতা' উপন্যাসের মুক্তকেশী চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তের 'মরীচিকা' কাব্যগ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'সুবর্ণলতা' উপন্যাসকে নারীবাদী সাহিত্য বলা কতটা যুক্তিযুক্ত তা আলোচনা করো।

(গ) 'চরণদাস এম.এল.এ' গল্পে তৎকালীন রাজনীতির যে পরিচয় পাওয়া যায় তা পরিস্ফুটন করো।

(ঘ) 'পত্রলেখার বাবা' গল্পটির আখ্যানের শিল্প সার্থকতা বিচার করো।

অথবা

## DSE-B2

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কল্পবিজ্ঞান কাকে বলে ? এর ইংরেজী প্রতিশব্দটি লেখো।

(খ) গোয়েন্দা কাহিনি বলতে কী বোঝো ? বাংলা ভাষায় লেখা চারটি গোয়েন্দা কাহিনির নাম লেখো।

(গ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থটি কত সালে প্রকাশিত ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল ?

(ঘ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থে কয়টি গল্প আছে ? প্রথম ও শেষ গল্পের নাম লেখো।

(ঙ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের শঙ্কর কোথায়, কীসের চাকরী পেয়েছিল ?

(চ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসে আলভারেজের মৃত্যু হয়েছিল কীভাবে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা গোয়েন্দা কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা ডিটেকটিভ গল্প রচনায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(গ) একেবারে আহেরিটোলার বাড়িতে গিয়ে উঠেছিল ? তারপর কী ঘটেছিল ?

(ঘ) ‘সত্যি নয়’ গল্পটির বিষয় ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসে প্রকৃতির ভূমিকা কতখানি আলোচনা করো।

(চ) শঙ্কর আলভারেজকে কী অবস্থায় উদ্ধার করেছিল ? উপন্যাসের পরবর্তী অংশে আলভারেজ কীভাবে শঙ্করকে সাহায্য করেছিল ?

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের নাম করণের সার্থকতা আলোচনা করো।

(খ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থটির গল্পগুলির মূল সুর অতীন্দ্রিয়তা নাকি কল্পবিজ্ঞান — তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও।

(গ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের শঙ্কর চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলনের যে-কোনো একটি গল্পের শিল্পরূপ আলোচনা করো।

——×——